

# পরিবারের অংশগ্রহণ নির্দেশিকা

---

নিচের নির্দেশিকাটি পরিবার ও পরিচর্যাকারীদের জন্য যাতে বাড়িতে শিক্ষালাভে সহযোগিতা করা যায় এবং তাদের শিক্ষার্থীদের শিক্ষামূলক ও সামাজিক-আবেগগত বিকাশ উভয়কে সহায়তা করা যায়। আপনি ভিতরে পরিভাষার শব্দকোষ, বাড়িতে সময়সূচি তৈরি করার জন্য মডিউল, এবং *virtual* শিক্ষালাভের পরিবর্তনশীল পরিস্থিতির সাথে মানিয়ে চলার জন্য চেকলিস্ট পাবেন।

---

# সূচিপত্র

1. পরিভাষার শব্দকোষ
2. বাড়ির জন্য সময়সূচি মডিউল
3. সামাজিক আবেগগত শিক্ষালাভের জন্য চেকলিস্ট
4. শিক্ষাদান ও শিক্ষালাভের জন্য চেকলিস্ট
5. প্রযুক্তির জন্য চেকলিস্ট

## পরিভাষার শব্দকোষ

দূরবর্তী শিক্ষালাভ		
শর্তাবলী	আপনি এই পরিভাষাটি কোথায় দেখবেন?	সংজ্ঞা:
Aim or Objective	স্কুল বা অনলাইন থেকে পাঠের পরিকল্পনায়	<i>Aims</i> (লক্ষ্য) বা <i>objectives</i> (উদ্দেশ্য) হল শিক্ষক (ও শিক্ষার্থী) একটি পাঠ বা কোর্সে যা অর্জন করতে চান। আপনি এটিকে গন্তব্য হিসেবে ভাবতে পারেন - শিক্ষার্থীদের শেষে যেখানে পৌঁছানো উচিত। শিক্ষার্থীদের জন্য একটি পাঠের <i>aim</i> হতে পারে একটি রচনার জন্য প্রবন্ধ বিবৃতি লিখতে সক্ষম হওয়া অথবা অঙ্ক ক্লাসে একটি সুনির্দিষ্ট ধরনের সমীকরণের সমাধান করতে সক্ষম হওয়া।
Assessment	শিক্ষক সংস্থান বা পাঠ	একটি <i>assessment</i> (মূল্যায়ন) হল কোনো ক্রিয়াকলাপ, কুইজ, রচনা বা আলোচনা যা শিক্ষককে বুঝতে সাহায্য করে যে শিক্ষার্থীরা কেমন ফল করেছে এবং তারা বিষয়টি সম্বন্ধে কী জানে বা এখনও জানে না।
Asynchronous	নির্দেশদান সম্বন্ধে বার্তাবিনিময় করা।	যেখানে শিক্ষার্থীরা তাদের নিজের সময়ে, নিজের স্থানে শিখতে পারে। শিক্ষার্থীরা পাঠ্য, ভিডিও ও ওয়েবসাইট রূপে পাঠ্য সামগ্রী পায়। অংশগ্রহণকারীরা তাদের নিজের সময়ে কাজ সম্পূর্ণ করে। শিক্ষার্থীরা প্রদত্ত সময়সীমার মধ্যে ইমেল বা <i>Google Classroom</i> এর মাধ্যমে কাজ জমা দিতে পারে।
Blended	নির্দেশদান সম্বন্ধে বার্তাবিনিময়	যেখানে শিক্ষাদান ও শিক্ষালাভে <i>synchronous</i> (সমকালীন) ও <i>asynchronous</i> (অসমকালীন) নির্দেশদানের বিভিন্ন দিকগুলিকে একত্রিত করা হয়। লাইভ অইলাইন কথোপকথনের আগে ভিডিও বা পাঠ্যবস্তুগুলি সম্পূর্ণ করতে হবে। উপাদানের সমকালীন আলোচনা বা উপস্থাপনা। পূর্বে প্রিভিউ করা উপাদানগুলি সম্বন্ধে নিয়ন্ত্রিত চ্যাট বা প্রশ্নোত্তর।
Charter Email	কাজ জমা দেওয়া, স্কুলের সঙ্গে যোগাযোগ	স্কুল শিক্ষার্থীকে যে ইমেল ঠিকানা দিয়েছে। স্কুলগুলি শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগ করার প্রধান উপায় হিসেবে এটিকে ব্যবহার করবে এবং শিক্ষার্থীদের এই ইমেলের মাধ্যমে কাজ জমা দিতে হবে। শিক্ষার্থীদের যদি তাদের চার্টার ইমেল প্রবেশ করতে সমস্যা হয়, তাহলে তাদের অবিলম্বে স্কুলের সঙ্গে যোগাযোগ করা উচিত।
E-learning	শিক্ষক সংস্থান বা পাঠ	ইন্টারনেট ও কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করে শিক্ষালাভ
Literacy	নির্দেশদান সম্বন্ধে বার্তাবিনিময়	যখন শিক্ষার্থীদের একাধিক বিষয়বস্তুর ক্ষেত্র জুড়ে পাঠ্য বা মিডিয়ায় প্রসঙ্গে পড়তে, লিখতে, বলতে বা শুনতে বলা হয়।

Office hours	শিক্ষকের থেকে অথবা দূরবর্তী পাঠের সময় যোগাযোগ।	শিক্ষক ও কর্মীরা যে সময় বার্তাবিনিময় করা এবং অগ্রগতি বা উদ্বেগগুলির বিষয়ে আলোচনা করার জন্য উপলব্ধ আছেন।
On Task	শিক্ষকের থেকে অথবা দূরবর্তী পাঠের সময় যোগাযোগ।	<i>On-task</i> (অন-টাস্ক) আচরণ - এর সংজ্ঞা হল শিক্ষার্থীর দ্বারা সক্রিয় বা অক্রিয়ভাবে নির্দেশ বা নির্ধারিত কাজ শোনা এবং পরিলক্ষিত বিরতিকালে <i>off-task</i> (অফ-টাস্ক) আচরণের অনুপস্থিতি।
Online Platform	স্কুল বা শিক্ষকদের থেকে বার্তাবিনিময়	একটি অ্যাপ বা ওয়েবসাইট যা ইন্টারনেটের মাধ্যমে (যেমন: <i>Google Classroom</i> , <i>Zoom</i> , <i>Google Meet</i> ) অ্যাক্সেস করা যায়
Online learning	শিক্ষক সংস্থান বা পাঠ	ইন্টারনেট ও কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করে শিক্ষালাভ
Post	স্কুল বা শিক্ষকদের থেকে বার্তাবিনিময়	<i>Google Classroom</i> , <i>Facebook</i> , বা <i>Instagram</i> এর মতো একটি অনলাইন প্ল্যাটফর্মে কিছু প্রকাশ করা
Stream	<i>Google Classroom</i>	<i>Stream</i> এ সবচেয়ে নতুন থেকে সবচেয়ে পুরানো সময়ানুক্রমে সবগুলি পোস্ট আছে।
Synchronous	নির্দেশদান সম্বন্ধে বার্তাবিনিময় করা।	যেখানে শিক্ষাদান ও শিক্ষালাভ বাস্তব সময়ে ঘটছে। অংশগ্রহণকারীরা একটি সুনির্দিষ্ট সময়ে সরাসরি যোগ দেয়। স্ক্রিন শেয়ার, ভিডিওর মাধ্যমে বা স্লাইড উপস্থাপনার দ্বারা বাস্তব সময়ে উপাদানগুলি উপস্থাপনা করা হয়। পরবর্তী সময়ে পর্যালোচনা করার জন্য সেশনগুলিকে রেকর্ড করা যায়।
Upload		একটি ডিভাইস থেকে একটি ফাইলকে কীভাবে অন্য একজন মানুষের সঙ্গে শেয়ার করা যায়।
Virtual		<i>Virtual</i> (ভার্চুয়াল) বিশেষণটি ব্যবহার করা হয় এমন কিছুকে বর্ণনা করার জন্য, যার অস্তিত্ব থাকলেও বাস্তবে নেই। একটি অনলাইন গেমিং সাইটে আপনার একজন <i>virtual</i> (ভার্চুয়াল) বন্ধু থাকতে পারে, কিন্তু আশা করবেন না যে সেই ব্যক্তি কফির জন্য আপনার সঙ্গে দেখা করবেন।

## অনলাইন প্ল্যাটফর্মগুলি

শর্তাবলী	আপনি এই পরিভাষাটি কোথায় দেখবেন?	সংজ্ঞা:
Download	স্কুল বা শিক্ষকদের থেকে বার্তাবিনিময়	অন্য একটি অনলাইন প্ল্যাটফর্ম বা কম্পিউটার থেকে যেভাবে একটি ফাইল আপনার ব্যক্তিগত ডিভাইসে আসে
Google classroom	শিক্ষক সংস্থান বা পাঠ	<i>Google Classroom</i> এর প্রাথমিক উদ্দেশ্য হল শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে ফাইল শেয়ার করার প্রক্রিয়াটিকে সুশৃঙ্খল করে তোলা।
Google Drive	শিক্ষক সংস্থান বা পাঠ	একটি ডকুমেন্ট তৈরি করার পরে আপনা থেকেই এখানে সেভ ও সংরক্ষণ হয়। শিক্ষার্থীরা প্রতিটি বিষয়ের জন্য ফোল্ডার তৈরি করে এবং প্রতিটি

		ডকুমেন্টকে অ্যাসাইনমেন্টের নামে নামকরণ করে সহজেই তাদের ফাইলগুলি খুঁজে পেতে Google Drive সংগঠিত করতে পারে। শিক্ষার্থীরা তাদের Google Drive অ্যাক্সেস করতে পারে drive.google.com-এ গিয়ে।
PowerSchool	স্কুল থেকে বার্তাবিনিময়	PowerSchool iহল যেখানে একজন শিক্ষার্থীর সময়সূচি, উপস্থিতি ও গ্রেডগুলি থাকে।
Zoom	স্কুলের থেকে শিক্ষার্থী/পরিবারের সংস্থান - এখন Zoom এর মাধ্যমে ক্লাসগুলি মিলিত হতে পারে	Zoom হল একটি অনলাইন পরিষেবা যা ব্যবহার করে আপনি ইন্টারনেটের মাধ্যমে অন্যদের সঙ্গে সাক্ষাৎ করতে পারেন - ভিডিওর সাথে অথবা শুধুমাত্র অডিওর মাধ্যমে বা উভয় দ্বারা, লাইভ চ্যাট করার সময়ে - আর এটা আপনাকে এই সেশনগুলি পরে দেখার জন্য রেকর্ড করতে দেয়।

## সামাজিক আবেগপ্রবণ শিক্ষালাভ

শর্তাবলী	আপনি এই পরিভাষাটি কোথায় দেখবেন?	সংজ্ঞা:
Advisor	শিক্ষক/কর্মী শিক্ষার্থীর সঙ্গে চেক ইন করেন	স্কুল দ্বারা ধার্য করা স্কুল বিল্ডিং-এ প্রাপ্তবয়স্ক মানুষটি স্কুল বর্ষে একজন প্রাথমিক সহায়ক। শিক্ষার্থী কেমন ফল করেছে বা অনুভব করেছে সেই বিষয়ে সাধারণভাবে শিক্ষার্থীর সঙ্গে চেক ইন পরিচালনা করেন
Advisory	শিক্ষক/কর্মী শিক্ষার্থীর সঙ্গে চেক ইন করেন	দিনের একটি নির্দিষ্ট সময় যখন শিক্ষার্থী যে সকল বিভিন্ন সামাজিক ও আবেগগত বিষয়গুলির সম্মুখীন হয়েছেন সেগুলি আলোচনা করার জন্য, এবং/বা তারা কেমন ফল করেছে তা দেখতে একটি চেক ইন করার জন্য শিক্ষার্থীদের একটি দল এবং তাদের advisor (পরামর্শদাতা) সাক্ষাৎ করেন।
SEL	পরামর্শদাতা ও শিক্ষক সংস্থান	SEL হল সামাজিক ও আবেগগত শিক্ষালাভের সংক্ষিপ্ত নাম, যা সাধারণভাবে "সফট স্কিলস্ (soft skills)" নামে পরিচিত। এর অন্তর্ভুক্ত হল শিক্ষার্থীদের তাদের আবেগ, সম্পর্কের দক্ষতা ও মানানোর দক্ষতা সম্বন্ধে শেখা
YtD	উপস্থিতির নথি	YtD এর মানে হল Year to Date (আজ পর্যন্ত বছর), যার মানে হল শিক্ষার্থী এই বছর প্রথম যে দিন স্কুলে এসেছিল সেই দিন থেকে।

## আপনার নিজস্ব সময়সূচি তৈরি করুন

শিক্ষার্থী/পরিচর্যাকারীদের জন্য নমুনা সময়সূচি	
সকাল 8:00 টা - 9:00 টা	ঘুম থেকে উঠে খাবার খাওয়া পোশাক পরা ও প্রস্তুত হওয়া
সকাল 9:00 টা- বিকাল 3:00 টা	স্কুলের সময়সূচি নিশ্চিত করুন যাতে প্রত্যেকে নির্দিষ্ট সময় অন্তর বিরতি নেয়
বিকাল 3:30 টা থেকে 4:30 টা	খালি সময় চলাফেরা/ব্যায়াম স্ন্যাক
বিকাল 4:30 টা থেকে 6:30 টা	রাতের খাবার প্রস্তুতি পরিষ্কার/পরিচ্ছন্ন রাতের খাবার
সন্ধ্যা 7:00 টা থেকে 8:00 টা	স্কুলের কাজ সেই দিন চেক ইন করুন/পরবর্তী দিনের জন্য সময়সূচি তৈরি করুন শান্ত/বিচ্ছিন্ন হওয়ার সময়
রাত 8:00 টা - রাত 10:00 টা	মুভি দেখার সময় কর্মপ্রবাহ (Workflow) শুতে যাওয়ার সময়

একাধিক শিক্ষার্থী/সীমিত ডিভাইস আছে এমন বাড়িতে নমুনা সময়সূচি

	শিক্ষার্থী A	শিক্ষার্থী B
সকাল 8:00 টা - 9:00 টা	প্রাতরাশ এবং সময়সূচির পর্যালোচনা এবং দিনের প্রযুক্তিগত প্রয়োজন	প্রাতরাশ এবং সময়সূচির পর্যালোচনা এবং দিনের প্রযুক্তিগত প্রয়োজন
সকাল 9:00 টা - 11:00 টা	অ্যাসাইনমেন্টের জন্য কম্পিউটারে কাজের সময়	কম্পিউটার ছাড়া অন্য কাজ ও অ্যাসাইনমেন্ট সংক্রান্ত কাজ করুন (বই/প্যাকেট/ফোন)
সকাল 11:00 টা - দুপুর 1:00 টা	কম্পিউটার ছাড়া অন্য কাজ ও অ্যাসাইনমেন্ট সংক্রান্ত কাজ করুন (বই/প্যাকেট/ফোন)	অ্যাসাইনমেন্টের জন্য কম্পিউটারে কাজের সময়
দুপুর 1:00 টা - দুপুর 2:00 টা	দুপুরের খাবার ও খালি সময়	দুপুরের খাবার ও খালি সময়
দুপুর 2:00 টা - দুপুর 3:00 টা	কম্পিউটারে কাজের অতিরিক্ত সময়, যদি প্রয়োজন হয়	কম্পিউটার ছাড়া অন্য কাজ ও অ্যাসাইনমেন্ট সংক্রান্ত কাজ করুন (বই/প্যাকেট/ফোন)
বিকাল 3:00 টা - বিকাল 4:00 টা	কম্পিউটার ছাড়া অন্য কাজ ও অ্যাসাইনমেন্ট সংক্রান্ত কাজ করুন (বই/প্যাকেট/ফোন)	কম্পিউটারে কাজের অতিরিক্ত সময়, যদি প্রয়োজন হয়
বিকাল 5:00 টা - রাত 8:00 টা	রাতের খাবার / শারীরিক ক্রিয়াকলাপ/বিশ্রাম	রাতের খাবার / শারীরিক ক্রিয়াকলাপ/বিশ্রাম
রাত 8:00 টা - রাত 11:00 টা	হোমওয়ার্ক/ সৃষ্টিশীল প্রোজেক্ট/মান করা/শুতে যাওয়া	হোমওয়ার্ক/ সৃষ্টিশীল প্রোজেক্ট/মান করা/শুতে যাওয়া

## আপনার নিজস্ব সময়সূচি পূরণ করুন

### এর ক্যালেন্ডার

সময়	ক্রিয়াকলাপ
সকাল 7:00 টা - 7:30 টা	
সকাল 7:30 টা - 8:30 টা	
সকাল 8:30 টা - 9:00 টা	
সকাল 9:00 টা - 10:00 টা	
সকাল 10:00 টা - দুপুর 12:00 টা	
দুপুর 12:00 টা - দুপুর 1:00 টা	
দুপুর 1:00 টা - বিকাল 3:30 টা	
বিকাল 3:30 টা - বিকাল 5:30 টা	
বিকাল 5:30 টা - বিকাল 6:30 টা	
বিকাল 6:30 টা - রাত 8:00 টা	
রাত 8:00 টা - রাত 10:00 টা	

ক্রিয়াকলাপের উদাহরণগুলি পরের পাতায় আছে! →



## খালি সময় ও বিশ্রামের ক্রিয়াকলাপগুলির প্রস্তাব:

ভাইবোনদের সঙ্গে খেলা করা	ভিডিও/অনলাইন/বোর্ড গেম খেলা	একটা নতুন বই/প্রবন্ধ পড়া
ভাইবোন/অভিভাবকদের নতুন কিছু শেখানো	বন্ধুদের সঙ্গে Facetime	স্বাস্থ্য সম্পর্কে লেখা/ ELA/ বিশ্বজনীন/অঙ্ক/বিজ্ঞান শিক্ষকের সঙ্গে অফিসের সময়ে সাইন ইন করুন
2 টি Google Classroom অ্যাসাইনমেন্ট সম্পূর্ণ করুন	অন্য 2 টি Google Classroom অ্যাসাইনমেন্ট সম্পূর্ণ করুন	অনুশীলনী
ধ্যান/মনোযোগ দেওয়ার কার্যকলাপ	পত্রিকা	টিভি দেখুন
পডকাস্ট শোনা	শিল্পকলার প্রোজেক্ট	গান শোনা

## সামাজিক আবেগগত শিক্ষালাভের চেকলিস্ট

আপনার শিশুর ভাল থাকাকে চিহ্নিত করার উপায়	
নিশ্চিত করুন যে তারা নিজেরা একটি নিয়মিত ঘুমের প্যাটার্ন অনুসরণ করছে - প্রতিটি শিশু আলাদা এবং তাদের ঘুমের প্যাটার্ন কেমন তা আপনি সবচেয়ে ভাল জানেন।	[ ]
শিক্ষার্থীরা কী খাচ্ছে তার ওপরে নজর রাখুন; নিশ্চিত করুন যে তারা সুস্বাদু আহার খাচ্ছে।	[ ]
তাদের বন্ধু ও পরিবারের সঙ্গে নিয়মিতভাবে চেক ইন করান।	[ ]
যদি আরও বেশি ঘন ঘন অস্থির বা অস্বাভাবিক আচরণ করে, তাহলে আপনার শিশুর সঙ্গে কথা বলুন যে সে কেমন অনুভব করছে।	[ ]
অবসাদ বা উদ্বেগের সতর্কীকরণ চিহ্নগুলি খুঁজুন: স্বাভাবিকের চেয়ে বেশি ঘুমানো, অনিয়মিত খাওয়ার অভ্যাস, বন্ধুদের থেকে বিচ্ছিন্ন থাকা। এই প্যাটার্নগুলি দেখা দিলে আপনার শিশুর সঙ্গে কথা বলুন এবং পরবর্তী ধাপগুলির জন্য আপনার চিকিৎসকের পরামর্শ নিন।	[ ]

এই সময় আপনার শিশুকে সহায়তা করার উপায়গুলি	
যথাসম্ভব বেশি সামঞ্জস্য বজায় রাখুন: সবার থেকে মতামত নিয়ে একটি পারিবারিক সময়সূচি ব্যবহার করুন	[ ]
পরিবারের পরম্পরা ও অনুষ্ঠানগুলি চালিয়ে যান	[ ]
পারিবারিক বা সহায়তা করার ধীরস্থির সময়ের সময়সূচি তৈরি করুন	[ ]
কী ঘটে চলেছে এবং তারা কেমন অনুভব করছে সেই বিষয়ে আপনার শিশুদের সঙ্গে খোলামেলা কথোপকথন করুন	[ ]
শিক্ষার্থীদের স্কুলের কাজ ও স্ক্রিনের সামনে সময় কাটানো বন্ধ করার জন্য একটা সময় দিন	[ ]
অবহিত থাকুন, কিন্তু পরিবারকে খারাপ বা দুঃখের খবরে ভরিয়ে দেবেন না	[ ]

## নিজেকে একজন পরিচর্যাকারী হিসেবে সহায়তা করা ও টিকিয়ে রাখার উপায়

উদ্বেগ ও বিষণ্ণতার সময়গুলিকে সুযোগ দিন। আপনি সমেত, আপনার পরিবারের মানুষদের অবিশ্বাস, দুঃখ, অসুরক্ষার অনুভূতি প্রকাশ করতে দিন। কারও কাছেই সব উত্তর নেই।	[ ]
উদযাপন ও আনন্দের সময়গুলিকে সুযোগ দিন। জন্মদিন, বার্ষিকী, ক্যালেন্ডারের কোনো কিছু যা আরাম বা স্বাচ্ছন্দ্যের একটা মুহূর্ত নিয়ে আসে তা মনে রাখুন।	[ ]
বাড়িতে প্রশান্তি ও নীরবতার সময়গুলিকে সুযোগ দিন। সন্ধ্যাবেলার একটা অভ্যাস, বা দিনের বেলায় সামলানো যায় এমন কিছু, যাই হোক না কেন, শান্তভাবে পড়া, ইয়ারবাডের সাহায্যে গান শোনা, বা শুধুই বিশ্রাম করার সাথে একটা বিচ্ছিন্ন সময়কে সুযোগ দিন	[ ]
এমন অন্য পরিবার/পরিচর্যাকারীদের সঙ্গে সংযুক্ত থাকুন, যারাও কাজ, বাড়ি, স্কুল ও বাচ্চাদের একসাথে সামলাচ্ছেন। নিজেকে অন্য প্রাপ্তবয়স্কদের সঙ্গে সংযুক্ত করার জন্য স্থানীয় সংস্থা, চার্চ, কিংবা এমনকি আপনার শিশুর স্কুলের সাথেও যোগাযোগ করুন।	[ ]

## শিক্ষাদান ও শিক্ষালাভের চেকলিস্ট

### কিভাবে শিক্ষালাভে সহায়তা করবেন

আপনার ছোট বাচ্চা যখন সাফল্যের সাথে কাজ সম্পূর্ণ করে তখন তাকে ইতিবাচক মতামত দিন! তারা যা সম্পূর্ণ করেছে তাকে স্বীকৃতি দিন।	[ ]
আপনার ছোট বাচ্চা যদি বুঝতে না পারে বা তাদের সহায়তা প্রয়োজন হয়, তাহলে তাদের নিজেকে-পরামর্শ দিতে উৎসাহিত করুন	[ ]
যদি সম্ভব হয়, প্রতিদিন অন্ততঃ একটি অ্যাসাইনমেন্ট পর্যালোচনা করার জন্য আপনার ছোট বাচ্চার সঙ্গে বসুন - তাদেরকে বলুন আপনাকে তাদের কাজ দেখাতে এবং এই বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করুন। এমনকি 10 মিনিটও সহায়ক হয়!	[ ]
শিশুদের একে অপরের থেকে দূরত্বে রাখুন যাতে ব্যক্তিগত কাজে বাধা না আসে, এবং তাদের একসাথে জড়ো হওয়ার জন্য সময় বের করুন	[ ]
ছোটদের জানান যে বিরতি নেওয়া সঠিক, এবং প্রয়োজনীয়, কিন্তু তাদের একটা টাইমার সেট করা উচিত, অন্যথায় বিরতি বনাম কাজের সময়ের ওপরে নজর রাখা উচিত। (উদাহরণস্বরূপ, 3 মিনিটের জন্য একটা প্রিয় গানের সঙ্গে নাচার বিরতি, তারপরে কাজে ফিরে যাওয়া।)	[ ]
ছোটদের রোজ কাজ করার জন্য একটা নির্দিষ্ট, শান্ত জায়গা বা এলাকা খুঁজে পেতে সাহায্য করুন।	[ ]
তাদের শিক্ষকদের সঙ্গে যোগাযোগ রাখুন, সহায়তা চাওয়া, তারা কোন বিষয়ের ওপরে কাজ করেছে তা জিজ্ঞাসা করা, অথবা আপনি মা/বাবা হিসেবে কী করতে পারেন তা জানতে চাওয়া যাই হোক না কেন	[ ]

## কীভাবে শিক্ষকদের সহায়তা করা যায়

যে কোনো প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য যোগাযোগের তথ্য বিনিময় করুন (ইমেল, টেক্সট)	[ ]
প্রয়োজন অনুযায়ী, ফোন, Zoom, Google Hangouts এর মাধ্যমে শিক্ষকের সঙ্গে চেক ইন করার জন্য একটি সম্মত সময় নির্ধারণ করুন	[ ]
আপনার ছোট বাচ্চার জন্য কোনটা কাজ করছে আর কোনটা করছে না, এবং তাদেরকে সহায়তা করার জন্য আপনার কী প্রয়োজন সেই ব্যাপারে মতামত দিন, কিন্তু মতামতটি যদি সময়ের প্রতি সংবেদনশীল না হয় তাহলে পুরো সপ্তাহ ধরে এটি সংগ্রহ করুন এবং সপ্তাহে একবার বা এই রকম সময় অন্তর তা প্রদান করুন	[ ]
আপনি যদি একটি পরিকল্পিত মিটিং-এ যোগ দিতে না পারেন কিংবা তার সময়সূচি পুনঃস্থির করার প্রয়োজন হয়, তাহলে অগ্রিম তা জানিয়ে শিক্ষকদের সময়কে সম্মান দিন। মিটিংগুলির সময়সূচি তৈরি করলে দারুণ ভাল হয়, এবং ধরে নেবেন না যে শিক্ষকরা সঙ্গে সঙ্গে উত্তর দিতে পারেন।	[ ]
শিক্ষকের সঙ্গে একটি লাইভ সেশনের সময়সূচি স্থির করা থাকলে, শিশুকে অংশগ্রহণ করতে সক্ষম হওয়ার জন্য একটা শান্ত জায়গা বা হেডফোন দিন	[ ]
ছোটদের রোজ কাজ করার জন্য একটা নির্দিষ্ট, শান্ত জায়গা বা এলাকা খুঁজে পেতে সাহায্য করুন।	[ ]
তাদের শিক্ষকদের সঙ্গে যোগাযোগ রাখুন, সহায়তা চাওয়া, তারা কোন বিষয়ের ওপরে কাজ করছে তা জিজ্ঞাসা করা, অথবা আপনি মা/বাবা হিসেবে কী করতে পারেন তা জানতে চাওয়া যাই হোক না কেন	[ ]

## প্রযুক্তির চেকলিস্ট

Google ও Google Classroom	
তারিখের ভিত্তিতে অ্যাসাইনমেন্টগুলি জানতে, <i>Stream</i> পর্যালোচনা করুন	[ ]
শিক্ষার্থী পাসওয়ার্ডটি মনে রাখে	[ ]
প্রতিটি বিভাগের জন্য <i>Google Classroom</i> অ্যাক্সেস করতে পারে	[ ]
কোর্সের সময়সূচি স্থির করতে <i>Google Calendar</i> ব্যবহার করুন এবং <i>Zoom</i> সেশনগুলিতে লিংক করুন	[ ]
সাইটগুলি বুকমার্ক করুন	[ ]

ZOOM	
ফোনে অ্যাপটি download করুন	[ ]
ল্যাপটপে ক্লায়েন্ট download করুন	[ ]
একটি <i>Chrome</i> এক্সটেনশন যুক্ত করুন	[ ]
যে কোনো লাইভ সেশনের আগে অডিও ও ভিডিও যাচাই করুন	[ ]

Laptop	
রোজ রিস্টার্ট/রিবুট করুন	[ ]
রোজ চার্জ দিন	[ ]
<i>Zoom</i> সেশনের সময় হেডফোন ব্যবহার করুন	[ ]





## টীকা



## টীকা



—